

ইয়ং এ্যাথলেট ট্রেনার্স ট্রেনিং প্রোগ্রাম

গত ১৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে Special Olympics Bangladesh-এর উদ্যোগে এবং Beautiful Mind School, উত্তরা, ঢাকা-এর সহযোগিতায় অনুষ্ঠিত হলো Young Athletes Trainers Training Program।



দেশের বিভিন্ন জেলা থেকে ৯২টি বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানের ৯২ জন শিক্ষক ও প্রশিক্ষক এতে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের অংশ হিসেবে Beautiful Mind School-এর ইয়ং এ্যাথলেটদের নিয়ে একটি প্রাণবন্ত Young Athletes Demonstration Session অনুষ্ঠিত হয়।

স্পেশাল অলিম্পিকস্ বাংলাদেশের ন্যাশনাল ডিরেক্টর, স্পোর্টস ম্যানেজার, হেলথ ম্যানেজার, চীফ কোর্ডিনেটর ও কোর্ডিনেটরবৃন্দ সারাদিন ব্যাপী ইয়ং এ্যাথলেট ট্রেনিং প্রোগ্রামটি সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে স্থানীয় সকল শিক্ষক প্রশিক্ষকদের ইয়ং এ্যাথলেট প্রশিক্ষণের গুরুত্ব ও প্রয়োজনীয়তার বিষয়ে অবগত করান।

